# *Delhi Public School, Howrah*

**PERIODIC ASSESSMENT-1 (2024-2025)**

**Class- X**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**Subject:- BENGALI (005)**

**Time:-1.5 HOURS** **F.M.-40**

PART-I: OBJECTIVE TYPE QUESTION (MCQ)

SECTION – A (READING)

(UNSEEN COMPREHENSION)

1. **নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো :** **1×4=4**

একটি আখ্যান আছে রামেশ্বর ভট্টাচার্যের 'শিবায়ন'-এ। শিব ভিক্ষার ঝুলি নিয়ে ফিরেছেন। কার্তিক ও গণেশ ছুটে এসেছেন। খাবারের ভাগ নিয়ে মারামারি। জিতছেন গণেশই। তবে, মা দুর্গার হস্তক্ষেপে কার্তিককেও খাবারের ভাগ দিতে শিখছেন গণেশ। 'সুভাষিতরত্নভান্ডাগার'-এর একটি শ্লোকেও ভাইদের ঝগড়া থামাতে দেখা যায় দুর্গাকে। আসলে জন্মলগ্ন থেকেই আমাদের যাবতীয় খিদে বা চাহিদা পূরণের দায় মায়ের। সিউড়ির করমশাল গ্রামের যূথিকা মালের কথাই ধরা যাক। মধ্যে কুড়ির ওই যুবতীর স্বামী লাভলু মাল জুন মাসে ওড়িশার ভয়াবহ ট্রেন দুর্ঘটনার পর থেকেই নিখোঁজ। আবাস যোজনার বাড়ি অসম্পূর্ণ ছিল। সেটা শেষ করতে টাকা রোজগারের জন্য গ্রামের আরও কয়েক জনের সঙ্গে চেন্নাইয়ে কাজে গিয়েছিলেন লাভলু। বেশ কয়েকমাস কাজ করার পরে বাড়ি ফিরছিলেন। বালেশ্বরের বাহানগা বাজারের কাছে ভয়াবহ ট্রেন দুর্ঘটনার পর থেকেই খোঁজ নেই তাঁর। দুই সন্তানকে নিয়ে দিশেহারা যূথিকা। কিন্তু, হাল ছাড়ছেন না। কাজ খুঁজছেন। মা দুর্গার কাছে প্রার্থনা করবেন, একটা কাজ জোটে যেন, ছেলেমেয়ে দু'বেলা দু'মুঠো খেতে পায় যেন। ''স্বামী বেঁচে আছে না মারা গিয়েছে জানি না। সরকার হাজার টাকার চেক দিয়েছিল। সেটাও স্বামীর নামে হওয়ায় জমা দিতে পারিনি। শাক পাতা তুলে বিক্রি করে কোনওক্রমে চলছে। যে কোনও একটা কাজের চেষ্টা করছি। ছেলে দুটোকে তো বড় করতে হবে!''—জননীর চিরন্তন লড়াই ফুটে উঠল যূথিকার গলায়।

মায়েরা নিজেদের সবটুকু উজাড় করে দেন সন্তানের হাসি দেখার জন্য। বনফুলের 'গণেশ জননী' তেমনই এক মা-সন্তানের কাহিনি তুলে ধরে। গল্প একটি হাতিকে নিয়ে। হাতিটি দশ বছর আগে উপহার হিসাবে প্রতিপালকের গৃহে এসেছিল। প্রতিপালক হাতিটিকে পুষবেন কিনা ভাবছেন, এমন সময় তাঁর স্ত্রী হাতিটিকে দেখে বলে ওঠেন— ''ও গণেশ এসেছে'! এই বলে তাকে একবাটি দুধ এগিয়ে দেন। হাতির নাম হয় গণেশ। নিঃসন্তান দম্পতির গৃহে পুত্রস্নেহে প্রতিপালিত হতে থাকে। 'সন্তানের' প্রতি এই জননীর স্নেহ বিভিন্নভাবে প্রকাশ পেয়েছে কাহিনিতে। সন্তান-স্নেহ সেই গৃহিনীকে যথার্থ রূপেই 'গণেশ জননী' করে তুলেছে।

I)গদ্যাংশটির মূল আলোচ্য বিষয় কী?

a) নিঃস্বার্থ পশুসেবা
b) সরকারী উদাসীনতা
c) সন্তানের প্রতি মায়ের অকৃত্রিম স্নেহ- ভালোবাসা
d) মা দুর্গার মাহাত্ম্য

II)মন্তব্য- দুই সন্তানকে নিয়ে দিশেহারা যূথিকা।

কারণ ক- যূথিকা হাতি পুষতে গিয়ে তার সর্বস্ব হারিয়েছে।

কারণ খ- তার স্বামী এক ভয়াবহ ট্রেন দুর্ঘটনার পর থেকেই নিরুদ্দেশ।

a) কারণ ক ঠিক, কারণ খ ভুল
b) কারণ ক ও খ দুটিই ঠিক
c) কারণ ক ভুল, কারণ খ ঠিক
d) কারণ ক ও খ দুটিই ভুল

III)সরকারের দেওয়া হাজার টাকা যূথিকা কেন কাজে লাগাতে পারেনি?

a) সরকার প্রতিশ্রুতি দিয়েও চেক দেয়নি।
b) চেক ভাঙানোর আগেই হারিয়ে গিয়েছিল।
c) চেক ভাঙানোর মতো বিদ্যা-বুদ্ধি তার ছিল না।
d) চেক স্বামীর নামে হওয়ায় তিনি সেটা ভাঙাতে পারেননি।

IV)মায়েরা নিজেদের সবটুকু উজাড় করে দেন সন্তানের হাসি দেখার জন্য। – বাক্যটিকে সাধুভাষায় রূপান্তরিত করলে হবে।–

a) মায়েরা নিজেদের সবটুকু উজাড় করিয়া দেন সন্তানের হাসি দেখার জন্য।
b) মায়েরা নিজেদের সবটুকু উজাড় করিয়া দিয়া থাকেন সন্তানের হাসি দেখার জন্য।
c) মায়েরা নিজেদের সবটুকু উজাড় করে দেন সন্তানের হাসি দেখিবার জন্য।
d) মায়েরা নিজেদের সবটুকু উজাড় করিয়া দেন সন্তানের হাসি দেখিবার জন্য।

## SECTION-B(GRAMMAR)

**2. নির্দেশ অনুযায়ী সাধু অথবা চলিত ভাষা পরিবর্তন করো: (যেকোনো চারটি)** **1×4=4**

I) ছেলেটির করুণ কান্না আমি সহ্য করতে পারিনি।(সাধু ভাষায়)

a) ছেলেটির করুণ ক্রন্দন আমি সহ্য করতে পারি নাই।
b) ছেলেটির করুণ ক্রন্দন আমি সহ্য করিতে পারি নাই।
c) ছেলেটির করুণ ক্রন্দন আমি সহ্য করিতে পারিনি।
d) ছেলেটির করুণ কান্না আমি সহ্য করিতে পারি নাই।

II) ইহার ফল কী দাঁড়াইয়াছিল তাহা পরে নির্দেশ করিতেছি।(চলিত ভাষায়)

a) এর ফল কী দাঁড়িয়েছিল তা পরে নির্দেশ করছি।

b) ওর ফল কী দাঁড়িয়েছিল তা পরে নির্দেশ করছি।

c) এর ফল কী দাঁড়াইয়াছিল তা পরে নির্দেশ করছি।

d) এর ফল কী দাঁড়িয়েছিল তাহা পরে নির্দেশ করছি।

III) তারা দুজনে পাশাপাশি বসল, বেশ মনোযোগ সহকারে অনেকক্ষণ ধরে কাগজপত্র দেখতে লাগল। (সাধু ভাষায়)

a) তারা দুইজনে পাশাপাশি বসিল, বেশ মনোযোগ সহকারে দীর্ঘক্ষণ ধরিয়া কাগজপত্র দেখিতে লাগিল।

b) তাহারা দুইজনে পাশাপাশি বসল, বেশ মনোযোগ সহকারে দীর্ঘক্ষণ ধরিয়া কাগজপত্র দেখিতে লাগিল।

c) তাহারা দুইজনে পাশাপাশি বসিল, বেশ মনোযোগ সহকারে দীর্ঘক্ষণ ধরিয়া কাগজপত্র দেখিতে লাগিল।

d) তাহারা দুইজনে পাশাপাশি বসিল, বেশ মনোযোগ সহকারে দীর্ঘক্ষণ ধরিয়া কাগজপত্র দেখিতে লাগল।

IV) কোন উত্তর না দিয়া লোকটির প্রতি চাহিতে চাহিতে সে আগাইয়া আসিল।(চলিত ভাষায়)

a) কোন উত্তর না দিয়া লোকটির দিকে তাকাতে তাকাতে সে এগিয়ে আসল।

b) কোন উত্তর না দিয়ে লোকটির প্রতি তাকাতে তাকাতে সে এগিয়ে আসল।

c) কোন উত্তর না দিয়ে লোকটির দিকে তাকাইতে তাকাইতে সে এগিয়ে আসল।

d) কোন উত্তর না দিয়ে লোকটির দিকে তাকাতে তাকাতে সে এগিয়ে আসল।

V) সত্যিই হয়েছিল, মুখের ভিতরটা জলে ভরে পরিপূর্ণ হয়েছিল। (সাধু ভাষায়)

a) সত্যই হইয়াছিল, মুখের ভিতরটা জলে ভরিয়া পরিপূর্ণ হইয়াছিল।

b) সত্যিই হয়েছিল, মুখের ভিতরটা জলে ভরিয়া পরিপূর্ণ হইয়াছিল।

c) সত্যিই হইয়াছিল, মুখের ভিতরটা জলে ভরে পরিপূর্ণ হয়েছিল।

d) সত্যই হইয়াছিল, মুখের ভিতরটা জলে ভরে পূর্ণ হইয়াছিল।

## SECTION-C (MAIN COURSE BOOK & SUPPLEMENTARY READER)

**3. সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো: (যেকোনো তিনটি)** **1×3=3**

I)'জ্ঞানচক্ষু' গল্পটি কোন গ্রন্থ থেকে সংকলিত?

a) আশাপূর্ণা দেবীর একশোটি গল্প b) আশাপূর্ণা দেবীর শ্রেষ্ঠ গল্প

c)'কুমকুম' গল্প সংকলন d) 'কুসুম' গল্প সংকলন

II)মন্তব্যঃ অবিনাশবাবু লেখককে আলোবাবুর জন্য একটা চাকরি জুটিয়ে দেবার অনুরোধ করেছিলেন।

কারণ ক- চাকরি করলে তিনি আলোবাবুর কাছ থেকে বাড়ি ভাড়া নিতে পারবেন।

কারণ খ- চাকরি করলে আলোবাবু আর এত অসহায় থাকবেন না।

a) কারণ ক ঠিক, কারণ খ ভুল b) কারণ ক ও খ দুটিই ঠিক

c)কারণ ক ভুল, কারণ খ ঠিক d) কারণ ক ও খ দুটিই ভুল

III)" তপন বিহ্বল দৃষ্টিতে তাকায়।"- কেন?

a) নিজের লেখার নিন্দে শুনে b) নিজের লেখার প্রশংসা শুনে

c) মেসোর লেখা শুনে অবাক হয়ে d) মামার লেখা শুনে মুগ্ধ হয়ে

IV)মন্তব্যঃ তপন আর পড়তে পারে না। বোবার মতো বসে থাকে।

কারণ ক- নিজের গল্প ছাপা হওয়ার আনন্দে তপন বাক্ রুদ্ধ হয়ে যায়।

কারণ খ- নিজের লেখা গল্প ছাপার অক্ষরে দেখে তপন অতিমাত্রায় আবেগবিহ্বল হয়ে পড়ে।

a) কারণ ক ঠিক, কারণ খ ভুল | b) কারণ ক ও খ দুটিই ঠিক

c)কারণ ক ভুল, কারণ খ ঠিক | d) কারণ ক ও খ দুটিই ভুল

**4. গল্পগুচ্ছ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করো। যেকোনো তিনটি** (1×3=3)

I) " তাহা হইলে এই আধমরা ভদ্রসন্তানটি পুনশ্চ নবজীবন লাভ করিতে পারে।"- 'ভদ্রসন্তানটি' বলতে কার কথা বলা হয়েছে?

a) রতন

b) গোমস্তা

c) পোস্টমাস্টার

d) ভূতপূর্ব পোস্টমাস্টার

II) পোস্টমাস্টার তার কাজে জবাব দিয়ে বাড়ি যাচ্ছেন কারণ তার দরখাস্ত মঞ্জুর হয়েছে।

a) মন্তব্য ও কারণ দুটোই সঠিক

b) মন্তব্য ও কারণ দুটোই ভুল

c) মন্তব্য সঠিক ও কারণ ভুল

d) মন্তব্য ভুল ও কারণ সঠিক

III) 'কিন্তু পূর্ববৎ আর তাহাকে ডাক পারে না।'- কখন থেকে আর তার আগের মতো ডাক পড়ত না?

a) পোস্টমাস্টারের অসুখ শুরুর সময় থেকে

b) রতনের লেখাপড়া শুরুর সময় থেকে

c) রতনের যুক্ত-অক্ষর উর্ত্তীণ হবার পর থেকে

d) পোস্টমাস্টারের অসুখ সারার পর থেকে

IV)মন্তব্য ক) - পোস্টমাস্টারের মা আর দিদি আছে, কিন্তু কোনো ছোটো ভাই নেই।

মন্তব্য খ) – রতনের মা আর ছোটো ভাই ছিল, কিন্তু কোনো দিদি ছিল না।

a) মন্তব্য ক ঠিক, কিন্তু খ ভুল

b) মন্তব্য ক এবং খ দুটোই ঠিক

c) মন্তব্য ক ভুল কিন্তু খ ঠিক

d) মন্তব্য ক এবং খ দুটোই ভুল

## PART-II: DESCRIPTIVE TYPE QUESTION

## SECTION-B (GRAMMAR-SUBJECTIVE)

**5. প্রয়োজন অনুযায়ী সন্ধিযুক্ত ও সন্ধি বিচ্ছেদ করো: (যেকোনো চারটি)** 1×4=4

a) সন্ন্যাসী, b) পরি+কৃত, c) বৃক্ষচ্ছায়া, d) নিঃ+চিহ্ন , e) দুর্নিবার, f) রাজ্+নী

SECTION-C (MAIN COURSE BOOK & SUPPLEMANTRY READER)

6. **'শুধু এ দুঃখের মুহূর্তে গভীরভাবে সংকল্প করে তপন ।'—** তপন কেন সংকল্প করেছিল? 2

অথবা

**"আসলে লোকটি খুব ভালো। তাই দয়া করে থাকতে দিয়েছেন।"**- কে কার সম্পর্কে কখন এ কথা বলেছেন?

7. **'বললাম, আপনার এই আলোবাবু লোকটি তো অদ্ভুত ধরনের মনে হচ্ছে।'**- আলোবাবুকে বক্তার অদ্ভুত মনে হওয়ার যে কোনো তিনটি কারণ লেখো। 3

8. **'জ্ঞানচক্ষু' গল্প অবলম্বনে তপন চরিত্রটি বিশ্লেষণ কর।**

**অথবা** **3**

**'আলোবাবু' গল্প অবলম্বনে আলোবাবু চরিত্রটি বিশ্লেষণ কর।**

9. **'আমাদের ইতিহাস নেই**
**অথবা এমনি ইতিহাস'**- প্রসঙ্গসহ ব্যাখ্যা কর। 4

**অথবা**

**'আমাদের চোখ মুখ ঢাকা**
**আমরা ভিখারি বারোমাস।'** - প্রসঙ্গসহ ব্যাখ্যা কর।

10. **'দাদাবাবু তোমার দুটি পায়ে পড়ি, তোমার দুটি পায়ে পড়ি, আমাকে কিছু দিতে হবে না।'**- রতন কখন এই কথা বলেছিল? 'কিছু দিতে হবে না' কথাটির অন্তর্নিহিত অর্থ ব্যাখ্যা করো। 2+3=5

**অথবা**

**'অনেকক্ষণ আর কেহ কোনো কথা কহিল না।'**- 'কেহ' বলতে কাদের কথা বলা হয়েছে? তারা কোন পরিস্থিতিতে অনেকক্ষণ কথা বলল না?

SECTION-D (CREATIVE WRITING)

11. 'দৈনিক ভারত' পত্রিকায় অনামি বাগচি নামে একজন লেখিকার একটি নিবন্ধ বেরিয়েছে। নিবন্ধটির শিরোনা**ম** 'রেখেছ বাঙালি করে'**।** সেখানে লেখিকা বলতে চেয়েছেন যে**,** বাঙ্গালির অজস্র গুণ থাকলেও কিছু কিছু অভ্যাস অনের সময় তাদের প্রগতির পথে বাধা হয়ে উঠেছে। লেখিকার বক্তব্যকে সমর্থন করে অথবা খণ্ডন করে তোমার বক্তব্য পত্রিকার 'পাঠকের অভিমত' বিভাগে চিঠি লিকে জানাও। **5**

**অথবা**

যাত্রীর ফেলে যাওয়া মোবাইল ফোন ফিরিয়ে দিল এক অটো চালক। 'দৈনিক কিরণ' পত্রিকায় খবরটি পড়ে **তোমা**র প্রতিক্রিয়া জানিয়ে সম্পাদকের উদ্দেশে একটি চিঠি লেখ।